

🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০: ২৮

💵 আরবি মূল আয়াত:

يَفْقَهُوا قُولِي ﴿٢٨﴾

যাতে তারা আমার কথা বুঝতে পারে'। — আল-বায়ান

যাতে তারা আমার কথা বুঝতে পারে। — তাইসিরুল

যাতে তারা আমার কথা বুঝতে পারে। — মুজিবুর রহমান

That they may understand my speech. — Sahih International

২৮. যাতে তারা আমার কথা বুঝতে পারে।(১)

(১) তৃতীয় দোআ, আমার জিহ্বার জড়তা দূর করে দিন, যাতে লোকেরা আমার কথা বুঝতে পারে। কারণ রিসালাত ও দাওয়াতের জন্য স্পষ্টভাষী ও বিশুদ্ধভাষী হওয়াও একটি জরুরী বিষয়। মূসা আলাইহিস সালাম হারূনকে রিসালাতের কাজে সহকারী করার যে দো'আ করেছেন, তাতে একথাও বলেছেন যে, "হারূন আমার চাইতে অধিক বিশুদ্ধভাষী।" [সূরা আল-কাসাসঃ ৩৪] এ থেকে জানা যায় যে, ভাষাগত কিছু একটা সমস্যা তার মধ্যে ছিল। এছাড়া ফিরআউন মুসা আলাইহিস সালাম এর চরিত্রে যেসব দোষারোপ করেছিল; তন্মধ্যে একটি ছিল এই, "সে তার বক্তব্য পরিস্কারভাবে ব্যক্ত করতে পারে না"। [সূরা আয-যুখরুফঃ ৫২] মূসা আলাইহিস্ সালাম তার দোআয় জিহবার জড়তা এতটুকু দূর করার প্রার্থনা জানিয়েছিলেন, যতটুকুতে লোকেরা তার কথা বুঝতে পারে। বলাবাহুল্য, সে পরিমাণ জড়তা দূর করে দেয়া হয়েছিল। [দেখুন, ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(২৮) যাতে তারা আমার কথা বুঝতে পারে।

_

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2376

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন